## ♣ উত্তরপত্র

বাংলাদেশ ব্যাংক **AD (২০-১০-২৩)**

**Total questions : 100 Total marks : 100**

---

1) "এবারের সংগ্রাম, স্বাধীনতার সংগ্রাম"-বাক্যটিতে স্বাধীনতার শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

1) কর্মে ষষ্ঠী
✔ 2) নিমিত্তার্থে ষষ্ঠী
3) করণে ষষ্ঠী
4) সম্প্রদানে ষষ্ঠী

**ব্যাখ্যা :** ক্রিয়া পদকে কার জন্য, কি জন্য, কার নিমিত্তে প্রভৃতি প্রশ্ন করলে নিমিত্ত কারক পাওয়া যায়। বাক্যে উদ্দেশ্য থাকবে। কিসের জন্য সংগ্রাম= স্বাধীনতার জন্য সংগ্রাম

2) The Great Wall of Gorgon is located in

✔ 1) Iran
2) Scotland
3) China
4) Britain

**ব্যাখ্যা :** The Great Wall of Gorgon
এটি ৪২০ খ্রিস্টাব্দ থেকে ৫৩০ খ্রিস্টাব্দ পর্যন্ত নির্মিত হয়েছিল।
The Great Wall of Gorgon উত্তর-পূর্ব ইরানে অবস্থিত। এটিতে প্রায় ৩০টি সামরিক দূর্গ, একটি জলাশয় এবং জলের চ্যানেল রয়েছে যা রুট বরাবর কাজ করে।

3) In a class of 65 students and 4 teachers, each student got sweets that are 20 % of the total number of students and each teacher got sweets that are 40 % of the total number of students. How many sweets are there?

1) 104
2) 845
✔ 3) 949
4) 897

**ব্যাখ্যা :** প্রতিটি শিক্ষার্থী মিষ্টি পায় = 65 এর 20 % = 13 টি।
প্রতিটি শিক্ষক মিষ্টি পায় = 65 এর 40 % = 26 টি।
65 জন শিক্ষার্থী মিষ্টি পায় = 13 × 65 = 845 টি।
4 জন শিক্ষক মিষ্টি পায় 4 x26 = 104 টি।
∴ মোট মিষ্টি = 949 টি।

Hello BCS

4) What kind of storage device can be affected by fragmentation?

1) Optical
2) Laser
3) Solid - State
✔ 4) Magnetic

**ব্যাখ্যা :** -ফ্র্যাগমেন্টেশন থেকে মূলত ম্যাগনেটিক স্টোরেজ ডিভাইস, যেমন হার্ড ডিস্ক ড্রাইভ (HDD) প্রভাবিত হয়। -অপ্টিক্যাল, লেজার বা সলিড-স্টেট স্টোরেজ ডিভাইসগুলি ফ্র্যাগমেন্টেশন থেকে প্রভাবিত হয় না। -ফ্র্যাগমেন্টেশন হল ডাটার একটি স্টোরেজ মিডিয়ামে বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়া অবস্থা। এটি HDD এ সময়ের সাথে সাথে ঘটে যায়, যখন ফাইল তৈরি, পরিবর্তিত এবং মুছে ফেলা হয় ডিস্কে ডাটা ছড়িয়ে পড়ে এবং ফ্র্যাগমেন্ট হয়ে যায়। অন্যদিকে, অপ্টিক্যাল ডিস্ক ফ্র্যাগমেন্টেশন থেকে প্রভাবিত হয় না কারণ ডাটা শুরু থেকে শেষ পর্যন্ত একটি দীর্ঘ স্পাইরাল ট্র্যাকে লেখা হয়। লেজার এবং সলিড-স্টেট ডিভাইসগুলিতে ডাটা ম্যাগনেটিকভাবে না রেখে ইলেকট্রনিকভাবে সংরক্ষণ করা হয়, তাই ফ্র্যাগমেন্টেশন তাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়।
উৎস : Structured Computer Organization (6th ed.)

5) If 3 sides of a triangle are 6cm, 8cm and 10cm then the altitude of the triangle using the targest side as its base, while be

✔ 1) 4.8 cm
2) 4.4 cm
3) 6 cm
4) 8 cm

**ব্যাখ্যা :** ধরি, ত্রিভুজটির তিনটি বাহু যথাক্রমে
a = 6cm; b = 8cm; c = 10cm
∴ ত্রিভুজটি অর্ধপরিসীমা,
S = (a+b+c)/2 = (6+8+10)/2 = 24/2 = 12 সেন্টিমিটার।
∴ ত্রিভুজটির ক্ষেত্রফল = = √{S(S-a)(S-b)(S-c)} $cm^2$
= √{12(12-6)(13-8)(13-10)} $cm^2$
= √(12×6×4×2) $cm^2$
= √(576) $cm^2$
= 24 $cm^2$
দেওয়া আছে, ত্রিভুজটির বৃহত্তম বাহু 10 cm
∴ b = 10cm
ধরি, উচ্চতা h সেন্টিমিটার
প্রশ্নমতে, 1/2 × b × h = 24
⇒ 1/2 × 10 × h = 24
∴ 10 h = 48
∴ h = 4.8

Hello BCS

6) A man purchases two clocks A and Bata total cost of Tk. 650. he sells A with a 20 % profit and B at a loss of 25 % and gets the same selling price for both clocks. What are the purchasing prices of A and B respectively?

1) 225, 425
2) 275, 375
3) 300, 350
✔ 4) 250,400

**ব্যাখ্যা :** ধরি, A এর ক্রয়মূল্য = x টাকা
∴ B এর ক্রয়মূল্য = (650 - x) টাকা
প্রশ্নমতে, 120 % এর x = 75 % এর (650 - x)
⇒ 120x/100 = 75(650-x)/100
⇒ 120x =48.750 - 750x
⇒ 195x = 48.750
∴ x = 250
অর্থাৎ A ঘড়ির ক্রয়মূল্য 250 টাকা
এবং B ঘড়ির ক্রয়মূল্য 650 - 250 = 400 টাকা।

7) The national symbol of Bangladesh was approved by the Cabinet on

1) 25 February 1972
2) 18 January 1972
✔ 3) 28 February 1972
4) 21 January 1972

**ব্যাখ্যা :**

**Solution:** জাতীয় প্রতীকটি মন্ত্রিপরিষদ সভায় অনুমোদন লাভ করে ২৮ ফেব্রুয়ারি ১৯৭২ সালে।

| জাতীয় প্রতীক | |
|---|---|
| ডিজাইনার | কামরুল হাসান |
| ব্যবহারের অধিকারী | রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী |
| চিহ্ন | ৪টি তারকা। |
| প্রতীকের বিবরণ | উভয় পার্শ্বে ধানের শীষ বেষ্টিত পানিতে ভাসমান জাতীয় ফুল শাপলা, তার শীর্ষদেশে পাটগাছের তিনটি পরস্পরযুক্ত পাতা, তার উভয় পার্শ্বে দুটি করে মোট চারটি তারকা রয়েছে। |
| চিত্র |  জাতীয় প্রতীক |

Hello BCS

8) Tk. 6,000 becomes Tk. 7,200 in 4 years at a certain rate of simple interest. If the rate becomes 1.5 times of itself, the amount of same principal in 5 years will be:

1) Tk. 8,000
✔ 2) Tk. 8,250
3) Tk. 9,000
4) Tk. 9,250

**ব্যাখ্যা :** দেয়া আছে, আসল = 6,000 টাকা।
সুদাসল = 7,200 টাকা
∴ 4 বছরের সুদ = 7,200 - 6,000 = 1,200 টাকা
সুদের হার = (সুদ×১০০)/(আসল×সময়) = (১২০০×১০০)/(৬০০০×৪) = ৫%
∴ নতুন সুদের হার = ৫ এর ১.৫% = ৭.৫%
∴ নির্ণেয় সুদাসল = (আসল×হার×সময়)/ ১০০ + আসল
= (6000×7.5×5)/100 + 6,000 = 2,250+6,000 = 8,250 টাকা।

9) The profit earned by selling an article for Tk. 900 is double the loss incurred when the same article is sold for Tk. 450. At what price should the article be sold to make 25 % profit?

✔ 1) Tk. 750
2) Tk. 800
3) Tk. 600
4) Data inadequate

**ব্যাখ্যা :** ধরি, দ্রব্যটির ক্রয়মূল্য x টাকা
প্রশ্নমতে, 900-x = 2(x-450)
⇒ 900-x = 2x-900
⇒ 3x = 1,800
∴ x = 600
অতএব, দ্রব্যটির ক্রয়মূল্য 600 টাকা
∴ 25 % লাভে বিক্রয়মূল্য = (600 এর 125 %) টাকা
= 600x (125/100) = 750 টাকা।

10) To fill a tank, 25 buckets of water are required. How many buckets of water will required to fill the same tank if the capacity of the bucket is reduced to two- fifth of its present capacity?

✔ 1) 62.5
2) 35
3) 10

Hello BCS

4) Cannot be determined

**ব্যাখ্যা :** ধরি, বালতির ধারণ ক্ষমতা p লিটার।
∴ 25 টি বালতির পানি ধরে 25 p লিটার।
এখন, বালতির নতুন ধারণ ক্ষমতা 2/5 p লিটার
ধরি, ট্যাংক ভর্তি করতে x টি বালতি লাগতে।
প্রশ্নমতে, 2/5 px = 25p
∴ x = 62.5

11) The largest part of the human brain is

✔ 1) Cerebrum
2) Medulla oblongata
3) cere bellum
4) None of these

**ব্যাখ্যা :** The cerebrum is the largest and most highly developed part of the human brain. It consists of two-thirds of the brain mass and associated with higher brain function such as thought and action. It has two hemispheres and each has four lobes.

12) What are the two most abundant elements in the Universe?

1) Carbon and Oxygen
2) Nitrogen and Oxygen
3) Helium and Lithium
✔ 4) Hydrogen and Helium

**ব্যাখ্যা :** Hydrogen is more plentiful than any other element making up about 3/4th the mass of the universe. Helium is second making up almost all of the remaining 25%. Oxygen is third most abundant element of universe. On earth, oxygen is the most common element making up about 47% of earth's mass.

13) Three boys agree to divide a bag of marbles in the following manner. The first boy takes one more than half the marbles. The second takes a third of the number remaining. The third boy finds that he is left with twice as many marbles as the second boy. The original number of marbles is:

1) 38
2) 36
3) 32
✔ 4) Connot be determined

Hello BCS

**ব্যাখ্যা :** ১ম বালক নেয় = $(x/2) + 1$ টি
২য় বালক নেয় $1/3 \{(x/2)-1\} = (x/6)-(x/3)$
∴ অবশিষ্ট থাকে = $\{(x/2) + 1\} - \{(x/6)-(x/3)\}$
$= \{(x/2)-1-(x/6)+(1/3)\}$
$= \{(x/2)-(x/6)-1+1/3\}$
$= \{(3x-x)/6\} - \{1-(1/3)\}$
$= (2x /6) - \{(3-1)/3\}$
$= (x/3) - (2/3)$
অর্থাৎ ৩য় বালিকা পায় = $x/3 - 2/x$ টি
∴ মার্বেলের সংখ্যা নির্ণয় করা সম্ভব নয়।

14) Which of the following tools is used in business intelligence?

1) OLAP
2) Data Mining
3) Web mining
✔ 4) All of these

**ব্যাখ্যা :** OLAP (Online Analytical Processing) is a technology that allows users to analyze data from multiple dimensions. OLAP tools are often used for business intelligence to analyze sales, marketing, and customer data.
Data mining is the process of extracting useful information from large datasets. Data mining tools are often used for business intelligence to identify trends, patterns, and anomalies in data.
Web mining is the process of extracting useful information from the World Wide Web. Web mining tools are often used for business intelligence to gather data on competitors, customers, and markets.
For example, an OLAP tool could be used to analyze sales data by product, region, and time period. A data mining tool could be used to identify customer segments based on their purchase history. A web mining tool could be used to gather data on competitor pricing.
সঠিক উত্তর : ঘ) All of these

15) Tartar tribe lives in

✔ 1) Russia
2) Belgium
3) China
4) Greece

**ব্যাখ্যা :** তার্তার উপজাতি রাশিয়ায় বাস করে। তাতার উপজাতি সম্পর্কিত তথ্যঃ
বসবাসের স্থান - রাশিয়া

Hello BCS

ধর্ম - ইসলাম
জন্মভূমি - ক্রিমিয়া
পূর্বপুরুষ - তুর্কি
জনসংখ্যা - এক কোটির বেশি

16) Who was the British Prime Minister during the Partition of India?

1) Benjamin Disraeli
2) Winston Churchill
✔ 3) Clement Atlee
4) William E. Gladstone

**ব্যাখ্যা :** Clement Attlee, the Prime Minister of the United Kingdom, announced on 20 February 1947 that: The British Government would grant full self-government to British India by 30 June 1948 at the latest, The future of the Princely States would be decided after the date of final transfer is decided.

17) Which of the following is used in pencil?

1) silicon
✔ 2) Graphite
3) Charcoal
4) Phosphorous

**ব্যাখ্যা :** কার্বন একটি অধাতু ও বিজারক পদার্থ।
-কার্বনের দানাদার রূপভেদ হলো- গ্রাফাইট ও হীরক।
-প্রকৃতিতে প্রাপ্ত সবচেয়ে শক্ত বা কঠিন পদার্থ হচ্ছে হীরক।
হীরক কাঁচ কাটতে ব্যবহার করা হয়।
গ্রাফাইট উত্তম বিদ্যুৎ পরিবাহী বলে তা ইলেকট্রোড হিসেবে ব্যবহৃত হয়।
যন্ত্রাংশ লুব্রিকেশন করার জন্য এবং কাদা সহযোগে পুড়িয়ে কাঠ পেন্সিলের সীস তৈরীতে গ্রাফাইট ব্যবহৃত হয়।
উৎস : রসায়ন, নবম-দশম শ্রেণি।

18) Fresh grapes contain 80 percent water while dry grapes contain 10 percent water. If the weight of the dry grapes is 250kg what is total weight when it was fresh?

1) 1,000 kg
2) 1.100kg
✔ 3) 1,125kg
4) 1.225kg

Hello BCS

ব্যাখ্যা : ধরি, সবুজ অবস্থায় মোট ওজন ছিল x কেজি
প্রশ্নমতে (100-80) % এর x = 225
⇒ 20 % এর x = 225
⇒ 20x/100 = 225
⇒ x/5 = 225
∴ x = 1,125 কেজি।

19) What is the term for the area where the river meets the ocean?

1) Delta
✔ 2) Estuary
3) inter
4) Fjord

ব্যাখ্যা : An estuary is an area where a freshwater river or stream meets the ocean. In estuaries, the salty ocean mixes with a freshwater river, resulting in brackish water.

20) P and Q started a business in the ratio of 2:3. After 2 years P left the business but Q continued. After 3 years he had a profit of Tk. 26,000. What was the profit of P?

✔ 1) Tk. 8,000
2) Tk. 15,600
3) Tk. 18,00
4) No profit

ব্যাখ্যা : ধরি, P এর বিনিয়োগের পরিমাণ = 2x টাকা
এবং Q এর বিনিয়োগের পরিমাণ = 3x টাকা
প্রশ্নমতে, 2x×24:3x×36
= 48x:108x
= 4x:9x
= 4:9
অতএব P এর মুনাফার পরিমাণ
= 26,000 × 4/(4+9)
= 26,000 ×(4/13) = 8,000 টাকা।

21) The first tribal cultural academy of Bangladesh is located in

1) Rangamati
2) Chattogram
3) Rangpur

Hello BCS

✔ 4) Netrokona

**ব্যাখ্যা :** অবস্থান - নেত্রকোনা জেলার দুর্গাপুর উপজেলার বিরিশিরিতে।
প্রতিষ্ঠাকাল ১৯৭৭ সালে।

22) What is the meaning of BCC 'in an Email?

✔ 1) Blind Carbon Copy
2) Bling Close Copy
3) Bearer Carbon Copy
4) Blind Close Contact

**ব্যাখ্যা :** BCC এর ঘরে সে সমস্ত ঠিকানা টাইপ করতে হয় যাদেরকে প্রেরক ই-মেইল কপি পাঠাতে চায় কিন্তু প্রাপকদের জানাতে চায় না কাকে কাকে এর কপি পাঠানো হয়েছে।

23) In MS-word, which of the following shortcut keys are used for aligning text to center?

1) Ctrl + M
2) Ctrl + C
✔ 3) Ctrl + E
4) None of these

**ব্যাখ্যা :** Ctrl + S = save
Ctrl + C = copy
Ctrl + X = cut
Ctrl + V = paste
Ctrl + Z = Undo
Ctrl + Y = Redo
Ctrl + P = print
Ctrl + E = Center Alignment
Ctrl + F = Find
Ctrl + H = Replace

24) What is the name given to the sequence of steps which a computer follows?

1) Instructions
✔ 2) Algorithm
3) Flowcharts
4) Software

Hello BCS

ব্যাখ্যা : A set of step-by-step procedures for accomplishing a task is known as a(n) algorithm.
An algorithm is a well-defined procedure that allows a computer to solve a problem. Another way to describe an algorithm is a sequence of unambiguous instructions. ... In fact, it is difficult to think of a task performed by your computer that does not use algorithms.br/> A programming algorithm is a computer procedure that is a lot like a recipe (called a procedure) and tells your computer precisely what steps to take to solve a problem or reach a goal. The ingredients are called inputs, while the results are called the outputs.br/>

25) Which of the following is considered to measure the printing quality?

1) ppm
✔ 2) dpi
3) cpi
4) cps

ব্যাখ্যা : Dot Per Inch (DPI) is used to describe the resolution number of dots per inch in a digital print and the printing resolution of a hard copy print dot gain the increase in the size of the halftone dots during printing. This is caused by the spreading of ink on the surface of the media.

26) What is the name of the Inventors of Virus?

✔ 1) Damitri Ivanowsky
2) Robert Mentel
3) Louis Pateur
4) Antoni

ব্যাখ্যা : Discovered by:
Dmitri Ivanowsky in 1892.:
He recognized an infectious agent, which caused tobacco mosaic disease and were smaller than bacteria.:
M.W. Beijerinek in 1898 called the filter ‘Contagium vivum fluidum’ and named it the ‘virus’.

27) On peacekeeping mission, Bangladesh Police first went to

1) Ethiopia
✔ 2) Namibia
3) Congo

Hello BCS

4) Kenya

**ব্যাখ্যা :** পুলিশ সদস্যগণ নামিবিয়া মিশনের মধ্য দিয়ে ১৯৮৯ সালে শান্তিরক্ষী মিশনে যাত্রা শুরু করেন।
বাংলাদেশ সেনাবাহিনী যোগ দেয় ১৯৮৮ সালে।
নৌবাহিনী ও বিমানবাহিনী যোগ দেয় ১৯৯৩ সালে।

28) One third of Aman's marks in Mathematics exceeds a half of his marks in English by 30. If he got 240 marks in the two subjects together, how many marks did he get in English?

1) 180
2) 120
3) 90
✔ 4) 60

**ব্যাখ্যা :** ধরি, আমান গণিতে পান x নাম্বার
এবং ইংরেজিতে পান y নাম্বার।
∴ x + y = 240
⇒ 2x + 2y = 480 ------- (i)
আবার x/3 - y/2 = 30
⇒ (2x-3y)/6 = 30
∴ 2x - 3y = 180 ------ (ii)
এখন সমীকরণ (i) - (ii) করে পাই,
(2x + 2y = 480) - (2x - 3y = 180 ) ⇒ 5y = 300
∴ y = 300/5 = 60
অর্থাৎ সে ইংরেজিতে 60 নাম্বার পেয়েছে।

29) Which of the following commands is given to invoke Task Manager '?

✔ 1) Ctrl + Alt + Del
2) Ctrl + Alt + F4
3) Ctrl + Del + F12
4) Alt + Del + F4

**ব্যাখ্যা :** Ctrl + Alt + Delete = Task Manager, Shut down. Lock, Reboot ইত্যাদি কাজ করার জন্য ব্যবহৃত হয়।

30) Find the largest number of 5 digits which, when divided by 16, 24, 30 or 36, leaves the same remainder 10 each case.

✔ 1) 99370
2) 99360

Hello BCS

3) 99350
4) 99340

ব্যাখ্যা :

এখানে 16, 24, 30, 36 এর ল.সা.গু. নির্ণয় করিঃ

2 | 16, 24, 30, 36
2 | 8, 12, 15, 18
2 | 4, 6, 15, 9
3 | 2, 3, 15, 9
2, 1, 5, 3

∴ নির্ণেয় ল.সা.গু. $= 2 \times 2 \times 2 \times 2 \times 3 \times 3 \times 5 = 720$

জানা আছে, 5 অঙ্কের বৃহত্তম সংখ্যা = 99999

এখানে 720) 99999 (138
99360
639

∴ সম্ভাব্য 5 অঙ্কের সংখ্যাটি $= 138 \times 720 = 99360$

∴ নির্ণেয় অঙ্কের সংখ্যাটি $= 99360 + 10 = 99370$

31) P and Q are two positive integers such that PQ = 64. What of the following cannot be the value of P + Q?

1) 16
2) 20
✔ 3) 35
4) 65

ব্যাখ্যা : দেখুন এখানে, $P \times Q = 64$;
$P \times Q = 1 \times 64$;
$P \times Q = 2 \times 32$;
$P \times Q = 4 \times 16$;
$P \times Q = 8 \times 8$
এক্ষেত্রে $P + Q = 1 + 64 = 65$ হতে পারে।
$P + Q = 2 + 32 = 34$ হতে পারে।
$P + Q = 4 + 16 = 20$ হতে পারে।
$P + Q = 8 + 8 = 16$ হতে পারে।
কিন্তু $P + Q = 35$ হতে পারে না। তাই এটি উত্তর।

32) When 30% of one number is subtracted from another number, the second number reduces is its four-fifths. What is the ratio of the first second number?

1) 3:2
✔ 2) 2:3
3) 2:5
4) 4:7

**ব্যাখ্যা :** ধরি, একটি সংখ্যা 100
সংখ্যাটির 30 % হবে 100 এর 30 %
= 100 × (30/100) = 30
এবার ধরি, অন্য সংখ্যাটি x
প্রশ্নমতে, x - 30 = x এর 4/5
⇒ x - 30 =4x/5
⇒ 5x - 150 = 4x
⇒ 5x - 4x = 150
∴ x = 150
অতএব, সংখ্যা দুইটির অনুপাত = 100 :x = 100:150 = 2:3

33) A circle and a rectangle have the same perimeter. The sides of the rectangle are 18cm and 26cm. what is the area of the circle?

1) 1.250 sq.cm
✔ 2) 616sq. cm
3) 154sq. cm
4) 88sq. cm

**ব্যাখ্যা :** দেয়া আছে, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 18cm
এবং আয়তক্ষেত্রের প্রস্থ 26cm
আয়তক্ষেত্রের পরিসীমা
= 2 (18 + 26) = 2 x 44 = 88cm
ধরি, বৃত্তের ব্যসার্ধ r cm বৃত্তের পরিসীমা 2πr cm
প্রশ্নমতে, 2πr = 88
∴ r = 88/{(2×22)/7} = (88/1) × 7/(22×2) = 14 cm

অতএব,
বৃত্তের ক্ষেত্রফল $\pi r^2$ $cm^2$
= 22/7 × $(14)^2$ = 616 $cm^2$

34) What will be the result of the formula = Min (Average (B1, B2), Product (B3: B4) where value of B1 = 20, B2 = 24, B3 = 15, B4 = 20?

1) 20
✔ 2) 22
3) 300
4) None of these

**ব্যাখ্যা :** দেওয়া আছে,
B1 = 20, B2 = 24, B3 = 15, B4 = 20

Average (B1, B2) দ্বারা বুঝায় B1 ও B2 এর গড় বের করতে হবে
Average (B1, B2) = (20 + 24)/ 2 = 22
Product (B3: B4) দ্বারা বুঝায় B3 ও B4 এর গুণফল বের করতে হবে
Product (B3: B4) = 15 × 20 = 300
Min (Average (B1, B2), Product (B3: B4)) দ্বারা বুঝায় Average (B1, B2) ও Product (B3: B4) এর
মাঝে কে ছোট তা বের করতে হবে
Min (22, 300) = 22
সুতরাং, ফর্মুলাটির ফল হবে 22.

35) Which of the following vitamins helps in blood clotting?

1) Vitamin A
2) Vitamin C
3) Vitamin D
✔ 4) Vitamin K

**ব্যাখ্যা :** ভিটামিন 'কে' রক্ত জমাট বাঁধতে সাহায্য করে।
রক্তে হেপারিনের উপস্থিতি থাকায় রক্ত জমাট বাঁধতে শুরু করে। ভিটামিন 'কে' চর্বিতে দ্রবণীয়।
উৎস - যকৃত, সবুজ শাকসবজি, দুগ্ধজাত দ্রব্য ইত্যাদি

উল্লেখ্য,
Vitamin A - জেরপথালমিয়, রাতকানা রোগ প্রতিরোধ করে। উৎস : দুধ, মাখন, ডিম, কড মাছ, গাজর, টমেটো, লালশাক পুইশাক ইত্যাদি।
Vitamin C - এর অভাবে স্কার্ভি,সর্দি ও কাশি সহজে আক্রমণ, ত্বক খসখসে হয়ে যায়, চুলকায়, ঘা দেরিতে শুকায়। উৎস : লেবু, কমলালেবু, মাল্টা, জাম্বুরা, টক জাতীয় ফল, আমলকি, আমড়া, ফুলকপি, পালং শাক ইত্যাদি।
Vitamin D - অস্থি ও দন্ত গঠনে সহায়তা করে। এর অভাবে ছোটদের রিকেটস ও বড়দের অস্টিওম্যালাশিয়া রোগ হয়। উৎস : ভোজ্য তেল, দুধ, দুগ্ধজাত খাদ্য, মাছের তেল, ডিমের কুসুম ইত্যাদি।

36) A cricketer whose bowling average is 12.4 runs per wicket takes, 5 wickets for 26 runs and there by decreases his average by 0.4. The number of wickets taken by him till the last match was

1) 64
2) 72
3) 80
✔ 4) 85

**ব্যাখ্যা :** ধরি, ঐ ম্যাচটির পর বোলারের প্রাপ্ত উইকেটের পরিমাণ x টি।
∴ ঐ ম্যাচটির পর রান দেন = (x-5)×12.4+26

Hello BCS

= 12.4x - 62 + 26
= (12.4x - 36) রান
∴ তার গড় = (12.4x-36)/x
এখন, ঐ ম্যাচের পর তার গড় হয় = 12.4 - 0.4 = 12
প্রশ্নমতে, (12.4x - 36)/x = 12
⇒ 12.4x - 36 = 12x
⇒ 0.4x = 36
∴ x = 36/0.4 = 90
শেষ ম্যাচের পূর্বে wicket ছিলো = 90-5 = 85

37) World's first budget was presented in

- ✔ 1) Uk
- 2) Finland
- 3) USA
- 4) Germany

**ব্যাখ্যা :** বাজেট :
-বিশ্বের প্রথম বাজেট পেশ করা হয় যুক্তরাজ্যে। প্রথম জাতীয় বাজেট প্রবর্তন করেছিলেন উইলিয়াম ইওয়ার্ট গ্ল্যাডস্টোন, যিনি ১৮৫২ থেকে ১৮৮২ সাল পর্যন্ত যুক্তরাজ্যে এক্সচেকারের চ্যান্সেলর হিসেবে দায়িত্ব পালন করেছিলেন।
এছাড়াও, -১৫ এপ্রিল, ১৮৫৩-এ, গ্ল্যাডস্টোন হাউস অফ কমন্সে প্রথম ব্যাপক বার্ষিক জাতীয় বাজেট পেশ করেন। এটি যুক্তরাজ্যে একটি বার্ষিক বাজেট উপস্থাপনার মান নির্ধারণ করে।
-গ্ল্যাডস্টোনের উদ্যোগের আগে, যুক্তরাজ্যে সরকারি অর্থায়নের কোনো কেন্দ্রীভূত ব্যবস্থা বা সমন্বিত বাজেট প্রক্রিয়া ছিল না। সরকারি ব্যয় ও রাজস্ব আদায় ছিল অসংগঠিত।
-একটি আনুষ্ঠানিক বাজেট প্রক্রিয়ার দিকে যুক্তরাজ্যের পদক্ষেপ শীঘ্রই অন্যান্য দেশগুলিও অনুলিপি করেছিল। এটি রাজস্ব পরিকল্পনা, ব্যবস্থাপনা এবং জনসাধারণের অর্থের তদারকির গুরুত্ব প্রদর্শন করে।

Hello BCS

38) A square park is surrounded by a path of uniform width 2 meters all around it. The area of the path is 288 square meters. Find the perimeter of the park

- 1) 34 m
- 2) 1.156 m
- ✔ 3) 136 m
- 4) Cannot be determined

**ব্যাখ্যা :** ধরি পার্কের এক প্রান্তের দৈর্ঘ্য x মিটার
পার্কের ক্ষেত্রফল = $x^2$ বর্গমিটার।
আবার, রাস্তাসহ পার্কের দৈর্ঘ্য = (x+4) বর্গমিটার।
∴ রাস্তাসহ পার্কের ক্ষেত্রফল = $(x+4)^2$ বর্গমিটার।

প্রশ্নমতে, $(x+4)^2 - x^2 = 288$
$\Rightarrow x^2 + 2\times x\times 4^2\times x^2 = 288$
$\Rightarrow 8x + 16 = 288$
$\Rightarrow 8x = 288 - 16 = 272$
$\therefore x = 272/8 = 34$ মিটার
$\therefore$ নির্ণেয় পরিসীমা = $4 \times 34 = 136$ মিটার।

39) The present age of three person are in the proportion of 4:7:9, Eight years ago, the sum of their ages was 56 years. The present age of the eldest person is:

1) 28
✔ 2) 36
3) 45
4) None of these

**ব্যাখ্যা :** ধরি তাদের বর্তমান বয়স 4x,7x এবং 9x বছর।
8 বছর পূর্বে তাদের প্রত্যেকের বয়স ছিলো যথাক্রমে (4x-8), (7x-8) এবং (9x-8) বছর
প্রশ্নমতে,
$(4x-8)+(7x-8)+(9x-8) = 56$
$\therefore x= 4$
$\therefore$ সবচেয়ে বড় জনের বয়স = $9x = 9 \times 4 = 36$ বছর

40) In MS-Excel, * # Name?" error occurs when-

1) Function name is wrong
2) Argument is wrong
✔ 3) Cell reference is invalid
4) All of these

**ব্যাখ্যা :** #NAME? is a common Excel error notation that appears when a formula or function cannot find the referenced data it needs to complete the calculation. This could be caused by a few different things, such as a misspelling in the formula name or an invalid reference.

41) Who is called the father of Modern education?

1) Horace Mann
✔ 2) John Amos Comenius
3) Henry Fisched
4) Greg Barclay

Hello BCS

ব্যাখ্যা : John Amos Comenius (28 March 1592 – 15 November 1670) was a Moravian philosopher, pedagogue and theologian who is considered the father of modern education.

42) The area of a rectangular field is 52,000 square meters. This rectangular area has been drawn on a map to the scale 1cm to 100m. The length is shown as 3.25cm on the map. The breadth of the rectangular field in the map is

1) 1.6 m
✔ 2) 160 m
3) 136 m
4) 1.6 m

ব্যাখ্যা : এখানে, আয়তাকার মাঠের দৈর্ঘ্য = 3.25×100 = 325 মিটার
আয়তকার মাঠের প্রস্থ = 52000/325 = 160 মিটার

43) Which strait separates Australia and Tasmania?

1) Bab-el- Mandep
✔ 2) Bass
3) Berring
4) Palk

ব্যাখ্যা : Bass Strait is a sea strait separating Tasmania from the south of the Australian mainland, specifically the state of Victoria. Its maximum width is 240 km, its depth is 50–70 m.

Hello BCS

44) Which of the following revolutions is related to Egg production

1) Round Revolution
2) Yellow Revolution
3) Red Revolution
✔ 4) Silver Revolution

ব্যাখ্যা : Silver Revolution:
Silver Revolution ডিম উৎপাদনের সাথে সম্পর্কিত।
-Silver Revolution বলতে একটি দেশে ডিম এবং মুরগির মাংসের বর্ধিত উৎপাদনকে বোঝায়। এটি বৈজ্ঞানিক পদ্ধতি এবং সরঞ্জাম ব্যবহার করে হাঁস-মুরগি পালন এবং বাণিজ্যিক ডিম উৎপাদনের উন্নয়নের সাথে যুক্ত।
-ডিম ও হাঁস-মুরগিকে দক্ষতার সাথে বাজারে আনার জন্য পরিবহন ও কোল্ড স্টোরেজ অবকাঠামো জড়িত।
-Silver Revolution ভারত, চীন, মেক্সিকো প্রভৃতি দেশে ডিম ও মুরগির উৎপাদনে উল্লেখযোগ্য উল্লম্ফন

ঘটায়
উৎস : Geeksforgeeks.org

45) What is the signature rate of Bangladesh as per Population and housing Cencus-2022

✔ 1) 74.66 %
2) 76.74 %
3) 68.76 %
4) 75.799 %

**ব্যাখ্যা :** মোট স্বাক্ষরতার হার ৭৪.৬৬ % ; পুরুষ ৭৭% ; নারী ৭৩% ;স্বাক্ষরতার হার বেশি (জেলা) ঢাকা (৭৮.০৯) স্বাক্ষরতার হার কম (জেলা) ময়মনসিংহ (৬৭.০৯)

46) If the average of 'm' numbrs is $n^2$ and that of 'n' number is $m^2$, then the average of (m+n) number is:

1) m+n
2) m-n
3) m/n
✔ 4) mn

**ব্যাখ্যা :** দেয়া আছে, $n^2 = (\sum m)/m$
$\therefore \sum m = mn^2$
আবার, $m^2 = \sum n/n$
$\therefore nm^2 = \sum n$
∴ m+n এর গড় হবে
$(\sum m + \sum n)/ (m+n)$
$= (mn^2+nm^2)/ (m+n)$
$= mn(m+n)/(m+n)$
$= mn$

47) Who is the writer of the book titled 'The Cruel Birth of Bangladesh?

1) Richard Nixon
✔ 2) Archer Kent Blood
3) Simon deming
4) Mark Tally

**ব্যাখ্যা :** The Cruel Birth of Bangladesh: Memoirs of an American Diplomat, is American Diplomat Archer Blood's account of the emergence of Bangladesh, published by University Press Limited in 2002. After the State Department

Hello BCS

declassified the documents, telegrams and other messages relating to this period, Blood wrote 24 chapters describing the events of 1971 as he and the staff of the United States Mission in Dhaka witnessed.

48) Webcam is a type of -------- device in a computer system.

1) system
2) Analogue
✔ 3) Input
4) Output

**ব্যাখ্যা :** কম্পিউটারকে নির্দেশনা বা ডেটা প্রদানের জন্য যে সমস্ত যন্ত্র ব্যবহৃত হয় সেগুলোকে ইনপুট ডিভাইস বলে। ইনপুট যন্ত্রাংশের মাধ্যমে প্রাপ্ত তথ্যসমূহ প্রেরণ করা হয়। এরপর প্রক্রিয়াকরণ অংশে প্রক্রিয়াজাত হয়ে আউটপুট ডিভাইসের মাধ্যমে ফলাফল প্রদান করা হয়।

49) Which country is known as the "Land of Cakes"?

1) Belgium
2) France
✔ 3) Scotland
4) Italy

**ব্যাখ্যা :** স্কটল্যান্ডকে ল্যান্ড অফ কেক বলা হয়।
সর্বপ্রথম কেক বানানো শুরু করে স্কটল্যান্ড
প্রথম কেক তৈরির কাচামাল ছিল ওটস (স্কটল্যান্ডের প্রধান শস্য)।
বিশ্ব কেক দিবস ২৬ নভেম্বর

50) If x/(2x+y+z) = y/(x+2y+z) = z/(x+y+2z) = a, then find the value of 'a' if (x+y+z) ≠ 0

1) 1/2
2) 1/3
✔ 3) 1/4
4) 1/8

Hello BCS

**Solution:** ধরি, $\frac{x}{(2x+y+z)} = \frac{y}{(x+2y+z)} = \frac{z}{(x+y+2z)} = \frac{1}{k}$

প্রশ্নমতে, $\frac{x}{(2x+y+z)} = \frac{1}{a}$

$\therefore \frac{y}{(x+2y+z)} = \frac{1}{a}$

এবং $\frac{z}{(x+y+2z)} = \frac{1}{a}$

ব্যাখ্যা : $(i)$ হতে পাই, $\frac{x}{(2x+y+z)} = \frac{1}{a}$

$\Rightarrow 2x+y+z = x$ .............. $(i)$

অনুরূপভাবে, $x+2y+z = y$ ......... $(ii)$

এবং $x+y+2z = z$ ............ $(iii)$

এখন, সমীকরণ $(i)+(ii)+(iii)$ করে পাই,

$2x+y+z+x+2y+z+x+y+2z = ax+ay+ax$

$\Rightarrow 4x+4y+4z = a(x+y+z)$

$\Rightarrow 4(x+y+z) = a(x+y+z)$

$\therefore a = \frac{1}{4}$ [উভয় পক্ষকে $(x+y+z)$ দ্বারা ভাগ করে]

51) Which of the following resembles PRUNE:HEDGE?

1) shuck:Corn
2) Cut:Bouquet
✔ 3) Trim:Hari
4) Reap:Crop

ব্যাখ্যা : Prune - কাটা ;
Bouquet - ফুলের তোড়া
Hedge - ছোট গাছের ঝোপ
Trim - ছাঁটা/কাঁটা
Mustache - গোঁফ
Shuck - তুষ ; খোসা

52) Which one is singular?

1) Agenda
✔ 2) Hypothesis
3) Media
4) Syllabi

ব্যাখ্যা : singular - Plural
Hypothesis - Hypotheses
Agendum - Agenda

Hello BCS

Medium - Media
Syllabus - Syllabi

53) Identify the missing word in the sentence 'Which method of organizing content points you did feel more comfortable?'

1) among
✔ 2) with
3) have
4) between

**ব্যাখ্যা :** Did you feel more comfortable with বসবে। তাই comfortable with হলে বাক্যটি অর্থপূর্ণ হয়।

54) Which of the following sentence is incorrect?

1) Nobody called, did they?
✔ 2) Open the door, would you?
3) He is your brother, isn't he?
4) The meeting is at 10, arn't it?

**ব্যাখ্যা :** Tag question এর ক্ষেত্রে c) তে Auxiliry verb হিসেবে is আছে। তাই tag question এ isn't হয়েছে।
আর subject এর ক্ষেত্রে he থাকায় tag এ ও He বসেছে।

Hello BCS

55) Choose the word that forms antonym of original with the prefix 'Ir'

1) rational
2) resolute
3) responsible
✔ 4) All of the these

**ব্যাখ্যা :** Rational - মূলদ/যুক্তিসংগত
Resolute - অটল
Responsible - দায়িত্ববান ; দায়ী
Irrational - অমূলদ ;
Irresolute - অটল নয় এমন
Irresponsible - দায়িত্বহীন

56) Which of the following word is equivalent of MELEE?

1) Kindness
✔ 2) Brawl

3) Simple Song
4) Primitive Dance

**ব্যাখ্যা :** Melee = Brawl - ঝগড়া ; বিবাদ
Primitive dance - আদি নৃত্য

57) Which underlined part of the following sentence has an error?

✔ 1) As road traffic increases
2) elevated highways are
3) built to help solve the
4) problem of traffic jam

**ব্যাখ্যা :** Traffic বলতে রাস্তায় চলাচল, যাতায়াত বা গমনাগমকে বুঝানো হয়, তাই এর সাথে road বসানোর দরকার নেই।
শুদ্ধ বাক্যটিঃ As traffic increases, elevated highways are built to help solve the problem of traffic jam.

58) Identify the missing word in the sentence 'Tomal behaves strangely at times and therefore, nobody gets with him?'

1) about
2) through
✔ 3) along
4) up

**ব্যাখ্যা :** Get about - লোকের মুখে মুখে খবর ছড়িয়ে পড়া।
Get through - শেষ করা ; খরচ করা।
Get up to somebody - ধরে ফেলা ; পৌছে যাওয়া।
কারো সাথে পরতায় পড়া বা মানিয়ে নেয়া অর্থে Get along with somebody বসে। তাই অপশন c) সঠিক উওর।

59) Select the word that cannot be replaced for the word underlined in the sentence. 'The speaker's address about a career is a little neblou at this point.

✔ 1) Sententious
2) jumbled
3) vague
4) tenuous

**ব্যাখ্যা :** Nebulous - ঝাপসা ; অস্পষ্ট
Tenuous - ক্ষীণ ; সরু

Hello BCS

Jumble - তালগোল
Sententious - সংক্ষিপ্ত অথচ সরস ভঙ্গিতে বলতে বা লিখতে অভ্যস্ত

60) Three of the following words are related in some way. Which is not related to others?

1) Drip
✔ 2) Intrusion
3) Percolation
4) Effluence

ব্যাখ্যা : Intrusion - অনাহুত প্রবেশ, অবাঞ্চিত প্রবেশ। তাই অপসন b) হলো odd word
Drip - ফোঁটায় ফোঁটায় তরল পদার্থ পড়া।
Percolation - তরল পদার্থ চোয়ানো ; ছিদ্রপথে তরল পদার্থ ঝরানো।
Effuence - অনাহুত প্রবেশ ; অবাঞ্চিত প্রবেশ।

61) Identify the correct spelling.

1) Sizophrenic
2) Schizophranic
3) Scizphrenic
✔ 4) Schizophrenic

ব্যাখ্যা : Schizophrenic - মানসিক বৈকল্য

62) Find the synoym of the underlined word in the sentence 'I relinquished my place in line to back and talk with my friend'.

1) defended
2) delayed
✔ 3) yielded
4) remanded

ব্যাখ্যা : Relinquish - ত্যাগ করা ;
Defend - আত্নরক্ষা করা ;
Delay - বিলম্ব করা
Yield - ত্যাগ করা

63) Complete the sentence 'Soils are the result of ------ interacting process ----- bring different materials together.'

1) a few, by which
✔ 2) some, that

Hello BCS

3) most of, which
4) such, as

ব্যাখ্যা : পারস্পরিক মিথষ্ক্রিয়ার কিছু ফল বা উপজাত হলো মাটি। এজন্য বাক্যটিতে Result of some interacting processes হবে সঙ্গত কারণেই পরে ' that' বসবে। তাই সঠিক উওর অপশন b)

64) The passive form of the sentence 'I had already shown her photo to the policeman' should be

1) The policeman was already shown her photo
2) Her photo was already been shown to policeman
✔ 3) The policeman had already been shown her photo
4) The policeman have already been shown her photo

ব্যাখ্যা : Active voice এর বাক্যটিতে দেখুন Had আছে। আর তারপরে আছে shown, যা verb এর past participle, তাই এই বাক্যটিকে Passive করতে হলে Had been আছে, তাই এটি উওর।

65) Which of the following sentence is correct?

1) The mobile set is almost same like mine.
2) The mobile set is almost same like me.
✔ 3) The mobile set is almost the same as mine.
4) The mobile set is almost same like myself.

ব্যাখ্যা : একই ধরনের বা দেখতে প্রায় একই বুঝাতে 'The same as' phrase টি বসে। এক্ষেত্রে same like এর অস্তিত্ব দেখা যায় না। তাই উওর অপশন c)

66) Which underlined part of the following sentence has an error?

✔ 1) <u>Each furniture</u> on display in the central
2) mail <u>is</u> on sale
3) for thirty <u>percent off</u>
4) the <u>regular price</u>

ব্যাখ্যা : a) এর furniture এর পূর্বে Each না হয়ে singular Number হিসেবে Each item বা Each piece হবে।

67) “White Collar Job" means "

1) a job without any work
2) a thankless job
3) a job with much hardship
✔ 4) a job without manual labour

Hello BCS

ব্যাখ্যা : White collar job অর্থ professional, managerial অথবা administrative কাজ যেখানে manual labour নেই। অর্থাৎ, a job without manual labour.

68) Identify the substitute word for the sentence 'One who is not easily pleased by anything.'

1) Maiden
2) Mediaeval
3) Precarious
✔ 4) Fastidious

ব্যাখ্যা : One who is not easily pleased by anything is called Fastidious. Fastidious এর অর্থঃ খুঁতখুঁতে ; দোষ ধরতে তৎপর।

69) The term 'Prime facie' means

1) Primal face
2) Primitive man
3) Main facilities
✔ 4) At first sight

ব্যাখ্যা : Prime facie' অর্থ প্রথম দর্শনে বা প্রথমলব্ধ ধারণা ভিত্তিতে।

70) Choose the sentence that has an adjective

1) He is doing well
✔ 2) He is well
3) That is a well
4) Well, I am not looking for him

ব্যাখ্যা : অপশন b) তে 'well' শব্দটি 'he' কে Modify করেছে। তাই এখানে 'well' হল adjective. কিন্তু Option A তে 'well' Adverb. Option C তে 'well' Noun; Option D তে 'well' Interfection.

71) Find the odd word from the following options.

1) Plaudit
2) Approbation
3) Acclaim
✔ 4) Revere

ব্যাখ্যা : Revere - পবিত্র হিসেবে গভীরভাবে শ্রদ্ধা করা। কিন্তু pluadit - অনুমোদনসূচক চিৎকার বা করতালি ; Approbation - অনুমোদন বা ক্ষমতা দান ; Acclaim - সহর্ষে স্বাগত জানানো

Hello BCS

72) Fill the gap in the sentence 'Recent linguistic research has shed light on the role played by ------- regardless of their gender.'

✔ 1) the way people speak
2) how people were spoken
3) how do people speak
4) people are speaking

**ব্যাখ্যা :** বাক্যটিতে একটি বিশেষ ধরনের Pattern এর কথা বলা হয়েছে। আর এ ধরনের pattern কে By the way দ্বারা প্রকাশ করা যায়। যা অপশন a) তে আছে।

73) Which of the following is the analogy of SAGACIOUS?

1) Affectionate
2) Incisive
✔ 3) Fatuous
4) Sedentary

**ব্যাখ্যা :** Sagacious - সুস্থ বিচারবুদ্ধিসম্পন্ন ;
Affectionate - স্নেহময়
Fatuous - বোকা, জড়বুদ্ধি
Sedentary - বসে বসে করতে হয় এমন
Saga - সুদীর্ঘ কাহিনীপরম্পরা।

74) Which of the following spelling is correct?

✔ 1) Precedence
2) Presedence
3) Precedance
4) Prescedence

**ব্যাখ্যা :** Precedence অর্থ অগ্রপদ বা অগ্রবর্তিতার অধিকার ; অগ্রাধিকার।

75) Which of the following is the analogy of COWARD:CRAVEN?

1) Liar:Facetious
2) Commentator:Caustic
3) Judge:Impartial
✔ 4) Dupe:Gllible

**ব্যাখ্যা :** Coward - ভীরু ;
Dupe - প্রতারণা ; বোকা বানানো
Liar - মিথ্যাবাদী ;

Hello BCS

Commentator - ভাষ্যকর
Judge - বিচারকের কাজ করা
Craven - অতিরিক্ত ভীরু
Gullible - সহজে প্রতারণাযোগ্য ;
Facetious - ঠাট্টা বিদ্রুপপূর্ণ ;
Caustic - তীব্র ; তিক্ত

76) Choose the appropriate prepositon to complete the sentence 'The baby clings ----- his mother's cloak'

✔ 1) to
2) with
3) at
4) from

**ব্যাখ্যা :** মায়ের কাপড় শক্ত করে ধরে রাখা অর্থ Cling to his mother's cloak বসবে। তাই সঠিক উওর a)

77) কাজী নজরুল ইসলামের কাব্য খ্যাতিতে কোন পত্রিকার অবদান রয়েছে?

1) কালী ও কলম
✔ 2) মোসলেম ভারত
3) সমকাল
4) সওগাত

Hello BCS

**ব্যাখ্যা :** নজরুলের কবি প্রতিভার বিকাশে মোসলেম ভারত পত্রিকা বিরাট ভূমিকা পালন করে।
১৯২০ সালের মার্চ মাসে নজরুল করাচির সৈনিকজীবন ত্যাগ করে কলকাতায় ফিরে এলে আফজালুল হকের সঙ্গে তাঁর পরিচয় হয়।
তিনি নজরুলকে তাঁর নতুন পত্রিকা মোসলেম ভারতে লেখার জন্য অনুরোধ জানান।
কাজী নজরুল ইসলামের পত্রোপন্যাস বাঁধনহারার প্রথম কিস্তি মোসলেম ভারতের প্রথম সংখ্যায় প্রকাশিত হয়। এর চতুর্থ সংখ্যায় তাঁর বিখ্যাত কবিতা ‘ খেয়াপারের তরণী ' মুদ্রিত হয়। এ কবিতাটির অনুপ্রেরণা ছিল ঢাকার নবাব আহসানুল্লাহর মেয়ে মেহেরবানু খানম অঙ্কিত একটি চিত্র, যা এ সংখ্যারই প্রচ্ছদে মুদ্রিত হয়। কবিতাটি পাঠ করার পর বিশিষ্ট সমালোচক মোহিতলাল মজুমদার নজরুলের কবিতার প্রশংসাজ্ঞাপক একটি পত্র পত্রিকার সম্পাদকের নিকট প্রেরণ করেন।
নজরুলের মোট ৪০ টি লেখা মোসলেম ভারতে প্রকাশিত হয়। সেগুলির মধ্যে রয়েছে বাঁধনহারার নয় কিস্তি এবং কিছু বিখ্যাত কবিতা, যেমন- ‘ শাত-ইল-আরব ’, ‘ মোহররম ’,‘ ফাতেহা-ই-দোয়াজদাহম্ ’, ‘ কামাল পাশা ’, ‘ বিদ্রোহী ’ ইত্যাদি।
মোসলেম ভারত পত্রিকার প্রচ্ছদে সৈনিকের পোশাকে নজরুলের প্রতিকৃতিসহ তাঁর বিখ্যাত কবিতা ‘ বিদ্রোহী ’ প্রথম প্রকাশিত হয় ১৩২৮ বঙ্গাব্দের কার্তিক মাসে (১৯২১)। কবিতাটি বঙ্গীয় সাহিত্য সমাজে বিপুল সাড়া জাগায়। ‘ বিদ্রোহী ’ কবিতার জন্য প্রথমে তাঁকে ‘ বিদ্রোহীর কবি ’ বলা হয় পরে ‘ বিদ্রোহী কবি। এটি বিভিন্ন পত্রিকায় পুনর্মুদ্রিতও হয় এবং নজরুল‘ বিদ্রোহী কবি ’ নামে পরিচিতি লাভ করেন।
সূত্র : বাংলাপিডিয়া এবং বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

78) ছাতা দিয়ে মাথা রক্ষা' বাগধারাটি'র অর্থ?

- ✔ 1) সম্মান রক্ষা করা
- 2) সামান্য উপকার
- 3) স্বার্থপর হওয়া
- 4) উর্ধ্বতন কর্তৃপক্ষের ভূমিকা

**ব্যাখ্যা :** ছাতা দিয়ে মাথা রক্ষা' বাগধারাটি'র অর্থ সম্মান রক্ষা করা।

79) নিচের কোনটি অপ্রধান সমাস?

- 1) প্রাদি সমাস
- 2) নিত্যসমাস
- 3) অলুক সমাস
- ✔ 4) সব কয়টি

**ব্যাখ্যা :** প্রধান ছয়টি সমাস ছাড়া প্রাদি, নিত্য, উপপদ এবং অলুক সমাসগুলোকে অপ্রধান সমাস বলে।

80) শবল' এর বিপরীতার্থক শব্দ কোনটি?

- 1) বিচিত্র
- ✔ 2) একবর্ণা
- 3) সওয়াল

Hello BCS

4) শুচি

**ব্যাখ্যা :** শবল' অর্থ নানা বর্ণযুক্ত বিচিত্র বর্ণে 'শোভিত' । তাই এর বিপরীতার্থক 'একবর্ণা'

81) আয়নায় মুখ দেখ না' এখানে 'মুখ' কি অর্থে বাক্য ব্যবহৃত হয়েছে?

1) বদন
2) মর্যাদা
✔ 3) প্রতিবিম্ব
4) বদন-গহবর

**ব্যাখ্যা :** ' আয়নায় মুখ দেখ না' এখানে ' মুখ' শব্দটি প্রতিবিম্ব অর্থে ব্যবহৃত হয়েছে।
আয়নায় যে প্রতিবিম্ব দেখা যায়, তাকেই ' মুখ' বলা হয়েছে। সুতরাং এখানে ' মুখ' শব্দটি প্রতিবিম্ব অর্থে ব্যবহৃত হয়েছে।
● বাংলা ভাষায় কতকগুলো বিশেষ্য, বিশেষণ ও ক্রিয়া জাতীয় পদ রয়েছে যেগুলো বাক্যে বিশিষ্ট অর্থে ব্যবহৃত হয় এবং একই শব্দ ভিন্ন ভিন্ন বাক্যে ব্যবহৃত হয়ে ভিন্ন ভিন্ন অর্থ প্রকাশ করে। এ জাতীয় বাক্যের পরিবেশ ও পরিস্থিতির সঙ্গে সঙ্গতি রেখে এক একটা শব্দের অর্থ নির্ণীত হয়ে থাকে। বাক্যে অর্থ ভেদে ‘ মুখ ’ শব্দের কিছু ব্যবহার দেয়া হলো
● ‘ অঙ্গ বিশেষ ’ অর্থে : তোমার মুখের গড়নটা সুন্দর। ‘ প্রবেশ পথ ’ অর্থে : গ্রামের মুখেই দোকানটা। ‘ সম্মান ’ অর্থে : ছেলেটা চৌধুরী সাহেবের মুখ রেখেছে। ‘ কথা ’ অর্থে : মুখে মধু অন্তরে বিষ।‘ ক্ষমতা ’ অর্থে : যত বড় মুখ নয় তত বড় কথা।
উৎস : ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

82) নিরপেক্ষ' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?

✔ 1) নিঃ+অপেক্ষ
2) নির+পেক্ষ
3) নিঃ+পেক্ষ
4) নীর+পেক্ষ

**ব্যাখ্যা :** বিসর্গের সঙ্গে স্বরধ্বনি বা ব্যঞ্জনধ্বনি যুক্ত হয়ে যে সন্ধি হয় তাকে বিসর্গ সন্ধি বলে।
র-জাত বিসর্গ : ‘র্’ ধ্বনির জায়গায় যে বিসর্গ হয়, তাকে র-জাত বিসর্গ বলে। যেমন : অন্তর্- অন্তঃ, আবির্- আবিঃ, দুর্- দুঃ, ইত্যাদি।
স-জাত বিসর্গ : ‘স্’ ধ্বনির জায়গায় যে বিসর্গ হয়, তাকে স-জাত বিসর্গ বলে। যেমন : পুরস্- পুরঃ, আশিস্- আশীঃ, বয়স্-বয়ঃ ইত্যাদি।

83) নিচের কোনটি অনুবর্ণের অন্তর্ভুক্ত?

1) রেফ
2) ফলা
3) বর্ণসংক্ষেপ
✔ 4) সব কয়টি

Hello BCS

**ব্যাখ্যা :** ব্যঞ্জনবর্ণের বিকল্প রূপের নাম অনুবর্ণ। যেমনঃ ফলা, রেফ এবং বর্ণ সংক্ষেপ।

84) সে ঘুমাচ্ছে' বাক্য 'ঘুমা' কোন ধাতু?

1) মৌলিক ধাতু
✔ 2) সাধিত সাধু
3) যৌগিক ধাতু
4) সয়যোগমূলক ধাতু

**ব্যাখ্যা :** মৌলিক ধাতুর সঙ্গে 'আ' প্রত্যয় যোগে যে ধাতু গঠিত হয়, তাকে সাধিত ধাতু বলে। যেমনঃ দেখ্ + আ - দেখা ; পড় + আ = পড়া ; বল + আ = বলা

85) কাঁধ থেকে কটি পর্যন্ত - এক কথায় প্রকাশ?

1) পাচঁধর
✔ 2) আগধর
3) ধটিক
4) ধট

**ব্যাখ্যা :** কাঁধ থেকে কটি পর্যন্ত - এক কথায় প্রকাশ আগধর (বিশেষ্য পদ)

86) নিচের কোনটি স্বরভক্তি বা বিপ্রকর্ষ এর উদাহরণ?

✔ 1) শুক্রবার→শুক্কুরবার
2) আহ্লাদ → আল্হাদ
3) স্পর্ধা → আস্পর্ধা
4) মোকদ্দমা → মোকর্দমা

**ব্যাখ্যা :** সময় সময় উচ্চারণের সুবিধার জন্য সংযুক্ত ব্যঞ্জনধ্বনির মাঝখানে স্বরধ্বনি আসে। একে বলা হয় স্বরাগম। যেমনঃ শুক্রবার - শুক্কুরবার ; রত্ন - রতন ; ধর্ম - ধরম ; স্বপ্ন - স্বপন

87) সুরবালা' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন ছোট গল্পের চরিত্র?

1) ভিখারিণী
2) ল্যাবরেটরী
✔ 3) একরাত্রী
4) সাধনা

**ব্যাখ্যা :** একরাত্রি ছোট গল্প :
-রবীন্দ্রনাথ ঠাকুরের শ্রেষ্ঠ গল্পসমূহের মধ্যে ‘ একরাত্রি ' বিশিষ্ট স্থান অধিকার করে আছে। গল্পটি প্রথম প্রকাশিত হয় ১২৯৯ বঙ্গাব্দের জ্যৈষ্ঠ সংখ্যা' সাধনা ' পত্রিকায়। :
-১৮৯৪ খ্রিস্টাব্দে প্রকাশিত ছোটগল্প' শীর্ষক রবীন্দ্র গল্পগ্রন্থে এটি প্রথম গ্রন্থিত হয়। :
-গল্পের উল্লেখযোগ্য চরিত্র ' সুরবালা'। :

Hello BCS

• রবীন্দ্রনাথ ঠাকুর : :
-রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম ১৮৬১ সালের ৭ মে (১২৬৮ বঙ্গাব্দের ২৫ বৈশাখ) কলকাতার জোড়াসাঁকোর অভিজাত ঠাকুর পরিবারে। :
তাঁর পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর এবং পিতামহ প্রিন্স দ্বারকানাথ ঠাকুর। :
এই পরিবারের পূর্বপুরুষ পূর্ববঙ্গ থেকে ব্যবসায়ের সূত্রে কলকাতায় গিয়ে বসবাস শুরু করেন। :
– তিনি একাধারে কবি, সঙ্গীতজ্ঞ, কথাসাহিত্যিক, নাট্যকার, চিত্রশিল্পী, প্রাবন্ধিক, দার্শনিক, শিক্ষাবিদ ও সমাজ সংস্কারক। :
-মূলত কবি হিসেবেই তাঁর প্রতিভা বিশ্বময় স্বীকৃত। :
-১৯১৩ সালে তাঁকে নোবেল পুরস্কারে ভূষিত করা হয়। এশিয়ার বিদগ্ধ ও বরেণ্য ব্যক্তিদের মধ্যে তিনিই প্রথম এই পুরস্কার জয়ের গৌরব অর্জন করেন। :
-বাংলা ছোট গল্পের জনক হলেন রবীন্দ্রনাথ ঠাকুর। :
সূত্র : বাংলা ভাষা -১ : সাহিত্য, এস এস এইচ এল প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা- ড. সৌমিত্র শেখর।

88) নিচের কোন প্রাচীন গ্রন্থে 'বঙ্গ' কথাটির উল্লেখ আছে?

1) ঋগ্বেদ
2) চর্যাপদ
3) মহাভারত
✔ 4) a ও c

**ব্যাখ্যা :** বঙ্গ :
দেশবিশেষ, বঙ্গভূমি। বঙ্গ একটি প্রাচীন জনপদ।
→ বঙ্গ ' শব্দটির প্রথম উল্লেখ পাওয়া যায়' ঐতরেয় আরণ্যক ' গ্রন্থে, যা ঋগ্বেদের অন্তর্গত।
→ মহাভারতে এই জনপদের উল্লেখ আছে-' অঙ্গস্যাঙ্গো ভবেদ্দেশো বঙ্গে বঙ্গস্য চ স্মৃতঃ। ' (ভারত ১।১০৪।৫০)
⇒ উল্লেখ্য, চর্যাপদে বঙ্গ নাম না থাকলেও ‘ বঙ্গালী ’ শব্দের উল্লেখ আছে।
মহাকবি কালীদাসের রঘুবংশ কাব্যে আছে বঙ্গের অবস্থান ও সীমানা সম্পর্কিত কিছু তথ্য।
উল্লেখ্য, দেশবাচক শব্দ হিসাবে' বঙ্গ ' বা' বাঙ্গাল ' শব্দটি প্রথম পাওয়া যায় আবুল ফজল রচিত' আইন-ই-আকবরী ' গ্রন্থে।
ঋগ্বেদ ও মহাভারত উভয় গ্রন্থেই' বঙ্গ ' কথাটির উল্লেখ রয়েছে। সঠিক উত্তর (ক) ও (গ)
উৎস : বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা, এস এস সি প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং মহাভারত।

89) পাক' এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?

1) √প + আক
2) পাক + √অ
✔ 3) √পচ + ঘঞ
4) পাক + অ

Hello BCS

**ব্যাখ্যা :** বিশেষ নিয়মে 'ঘঞ' প্রত্যয় দ্বারা গঠিত আরো কিছু উদাহরণ হলোঃ √ত্যজ্ + ঘ + ঞ = ত্যাগ ; √শুচ্ + ঘঞ = শোক

90) বিপরীতার্থ' ব্যাকরণের কোন মৌলিক অংশে আলোচিত হয়?

1) ধ্বনিতত্ত্ব
2) রূপতত্ত্ব
3) বাক্যতত্ত্ব
✔ 4) অর্থতত্ত্ব

**ব্যাখ্যা :** বিপরীতার্থ' ব্যাকরণের অর্থতত্ত্ব এর মৌলিক অংশে আলোচিত হয়।
ধ্বনিতত্ত্বঃ ধ্বনি, সন্ধি, ণ-ত্ব,ষ-ত্ব
শব্দতত্ত্বঃ শব্দ, প্রত্যয়, উপসর্গ,বচন, লিঙ্গ, কারক, বিভক্তি, সমাস, বাচ্য,পুরুষ,অনুসর্গ।
বাক্যতত্ত্বঃ বাক্যের গঠন প্রণালী, বাক্যের বিভিন্ন উপাদানের সংযোজন ও বিয়োজন
অর্থতত্ত্বঃ শব্দ ও বাক্যের অর্থ বিচার এবং অর্থের প্রকার।

91) আমাকে কী মাল্য দেবে দাও' কবিতার রচয়িতা কে?

✔ 1) নির্মলেন্দু গুণ
2) মোঃ মনিরুজ্জামান
3) সেলিনা হোসেন
4) ফজল-এ-খোদা

Hello BCS

**ব্যাখ্যা :** " আমাকে কী মাল্য দেবে, দাও" নির্মলেন্দু গুণ রচিত একটি কবিতা।
নির্মলেন্দু গুণ :
-নির্মলেন্দু গুণ ১৯৪৫ সালে নেত্রকোনার বারহাট্টার কাশবন গ্রামে জন্মগ্রহণ করেন।
-নির্মলেন্দু গুণ এর সম্পূর্ণ নাম ' নির্মলেন্দু প্রকাশ গুণ চৌধুরী '।
-বাংলাদেশের কবিদের কবি বলা হয় নির্মলেন্দু গুণ কে।
-তাঁকে ১৯৮২ সালে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কারে ভূষিত করা হয়।
এছাড়া ১৯৮২ সালেই আলাওল সাহিত্য পুরস্কার, ২০০১ সালে একুশে পদক প্রদান করা হয়।
নির্মলেন্দু গুণ রচিত কাব্যগ্রন্থগুলো-
প্রেমাংশুর রক্ত চাই,
না প্রেমিক না বিপ্লবী,
দীর্ঘ দিবস দীর্ঘ রজনী,
ও বন্ধু আমার,
চাষাভূষার কাব্য,
পৃথিবীজোড়া গান,
দূর হ দুঃশাসন,
ইসক্রা,
নেই কেন সেই পাখি,
মুজিব-লেনিন-ইন্দিরা,
শিয়রে বাংলাদেশ ইত্যাদি।

92) কোন বাতে খাতা নাহি পায়' বাক্যটিতে খাতা কি অর্থে ব্যবহৃত হয়েছে?

✔ 1) দোষ
2) দল
3) হিসাবের বই
4) শুভ

**ব্যাখ্যা :** খাতা (বিশেষ্য)
আরবি শব্দ (খতা)।
অর্থ :
-দোষ ;
-ত্রুটি ;
-অপরাধ ;
-ভুল। (গুনা খাতা ; কোন বাতে খাতা নাহি পায়-সৈয়দ হামজা)।
কোন বাতে খাতা নাহি পায়। বাক্যটিতে খাতা ' দোষ ' অর্থে ব্যবহৃত হয়েছে।
সূত্র : অভিগম্য অভিধান ও বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান।

93) বাংলা সাহিত্যের প্রথম ব্যঙ্গ উপন্যাস কোনটি?

✔ 1) কল্পতরু

Hello BCS

2) একটি কালো মেয়ের কাহিনী
3) দৃষ্টি প্রদীপ
4) বৈতালিক

**ব্যাখ্যা :** ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও ‘ কল্পতরু ’ উপন্যাস :
ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের (১৮৪৯-১৯১১) জন্ম যদিও বর্ধমানের একটি গ্রামে, সাত মাস থেকে ন বছর বয়স পর্যন্ত তিনি ছিলেন পিতার কর্মস্থল পূর্ণিয়ায়। ফলে বাংলা ভাষা তাঁর ঠিকমতো রপ্ত হয়নি।
ইন্দ্রনাথ পরবর্তী উচ্চ শ্রেণিতে উত্তীর্ণ হয়েছিলেন এবং সাহিত্যিকরূপে প্রতিষ্ঠালাভ করে বাংলা ভাষা ও তার সংস্কার সম্পর্কে প্রবন্ধ ও অভিভাষণ লিখেছিলেন। বস্তুত বাংলা সাহিত্যে ব্যঙ্গ ও হাস্যরসের স্রষ্টা হিসেবে একসময়ে তিনি অতি উচ্চ স্থান অধিকার করেছিলেন। সাহিত্যক্ষেত্রে ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের আবির্ভাব অনেকটা আকস্মিক। তিনি যখন কলকাতা হাইকোর্টে ওকালতি করেন, তখন কিছুটা খেয়ালের বশেই ক্ষুদ্রকায় ব্যঙ্গকাব্য “ উৎকৃষ্ট কাব্যম” (১৮৭০) রচনা করেন। পরে তারকনাথ গঙ্গোপাধ্যায়ের অনুরোধে লেখেন “ কল্পতরু” (১৮৭৪)। কল্পতরু বাংলা সাহিত্যের প্রথম ব্যঙ্গ-উপন্যাস। বঙ্গদর্শনে সমালোচনা করতে গিয়ে বঙ্কিমচন্দ্র কল্পতরুকে ‘ বঙ্গভাষার একটি উৎকৃষ্ট উপন্যাস ' আখ্যা দিয়েছেন এবং মতপ্রকাশ করেছেন যে,“ বাবু ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় একখানি মাত্র গ্রন্থ প্রচার করিয়া বাঙ্গালায় প্রধান লেখকদিগের মধ্যে স্থান পাইবার যোগ্য বলিয়া পরিচিত হইয়াছেন। ' তবে তিনি যে কল্পতরুকে আলালের ঘরের দুলাল ও হুতোম প্যাঁচার নকশা ওপরে স্থান দিয়েছেন, তার সঙ্গে অনেকেই একমত হবেন না।
উৎস : ‘ কল্পতরু ’ উপন্যাসের (ভূমিকা) ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।

94) বাংলা ভাষার ব্যাকরণ প্রথম কখন প্রকাশিত হয়?

✔ 1) ১৭৪৩
2) ১৮৩৪
3) ১৭৩৪
4) ১৮৪৩

**ব্যাখ্যা :** বাংলা ভাষার ব্যাকরণ প্রথম প্রকাশিত হয় ১৭৪৩ সালে পর্তুগালের রাজধানী লিসবন থেকে। এটি রচিত হয় ১৭৩৪ সালের গাজীপুরের ভাওয়ালে।

95) একুশে ফেব্রুয়ারি নিয়ে প্রথম গান কোনটি?

1) আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী
2) ওরা আমার মুখের ভাষা কাইড়া নিতে চায়
✔ 3) ভুলবো না ভুলবো না, একুশে ফেব্রুয়ারি
4) কাঁদতে আসিনি,ফাঁসির দাবি নিয়ে এসেছি

**ব্যাখ্যা :** একুশের প্রথম গানের রচনা করেন আ. ন. ম. গাজীউল হক।
-গানটির প্রথম চরণ- ' ভুলবো না ভুলব না, একুশে ফেব্রুয়ারি ভুলবো না'। ৫৩ সালের একুশে ফেব্রুয়ারি আরমানিটোলা ময়দানে আয়োজিত এক জনসভায় গানটি প্রথম গাওয়া হয়।
-১৯৫৩-৫৪ সাল পর্যন্ত ওই গানটি গেয়েই প্রভাতফেরি করা হতো।
-গানটির সুরকার ছিলেন গাজীউল হক নিজেই। “ আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী, আমি কি

Hello BCS

ভুলিতে পারি।”-এই গানটি রচনা করেছিলেন ঢাকা কলেজের ছাত্র আবদুল গাফ্ফার চৌধুরী।
– এটি প্রথমে সুর করেন-আবদুল লতিফ এবং বর্তমানে যে সুরে গাওয়া হয়, তা করেছেন-আলতাফ মাহমুদ।
উৎস : বাংলাপিডিয়া।

96) কোন লেখক চলিত ভাষাকে মান ভাষারূপে প্রতিষ্ঠা করার জন্য আন্দোলন করেছিলেন?

1) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
2) বুদ্ধদেব বসু
✔ 3) প্রমথ চৌধুরী
4) জসিমউদ্দিন

**ব্যাখ্যা :** প্রমথ চৌধুরী সাহিত্যিক, বাংলা চলিত গদ্যরীতির প্রবর্তক।
১৯১৪ সালে মাসিক সবুজপত্র প্রকাশনা এবং তার মাধ্যমে বাংলা চলিত গদ্যরীতির প্রবর্তন তাঁর জীবনের শ্রেষ্ঠ কীর্তি।
একে কেন্দ্র করে তখন একটি শক্তিশালী লেখকগোষ্ঠী গড়ে ওঠে। স্বয়ং রবীন্দ্রনাথও এর অন্তর্ভুক্ত ছিলেন।
প্রমথ চৌধুরী ‘ বীরবল ' ছদ্মনামে এ পত্রিকায় ব্যঙ্গরসাত্মক প্রবন্ধ ও নানা গল্প প্রকাশ করেন। তাঁর এ ছদ্মনাম থেকে তখন বাংলা সাহিত্যে বীরবলী ধারা প্রবর্তিত হয়।
তিনিই চলিত ভাষাকে মান ভাষারূপে প্রতিষ্ঠা করার জন্য আন্দোলন করেছিলেন।
সূত্র : বাংলাপিডিয়া।

97) বাংলা বানান রীতি অনুযায়ী একই শব্দের দুটি বানানই শুদ্ধ কোনটি?

1) কলস/ কলশ
2) দিঘি/দীঘি
3) সূচি/সূচী
✔ 4) সব কয়টি

**ব্যাখ্যা :** বাংলা বানান রীতি অনুযায়ী একই শব্দের দুটি বানানই শুদ্ধ।
সূচি - সূচী
কলস - কলশ
বাড়ি - বাড়ী
পাখি - পাখী
মর্ত - মর্ত্য

98) উচ্চারণস্থান অনুযায়ী নিচের কোনটি মূর্ধন্য বর্ণ?

✔ 1) ঋ
2) ঈ
3) উ
4) কোনটি নয়

Hello BCS

**ব্যাখ্যা :** কণ্ঠ্য - অ,আ
তালব্য বর্ণ - ই, ঈ
মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় - ঋ
ওষ্ঠ্য বর্ণ - উ,ঊ
কণ্ঠতালব্য বর্ণ - এ,ঐ

99) নিচের কোনটি ব্যতিক্রম?

1) মেঘের পরে মেঘ
2) যাত্রা
3) যুদ্ধ
✔ 4) হিজল কাঠের নৌকা

**ব্যাখ্যা :** স্বাধীন বাংলাদেশে ১৯৭৬ সালে প্রকাশিত হয়েছিল সাহিত্যিক আলাউদ্দিন আল আজাদ রচিত নাটক ‘ হিজল কাঠের নৌকা ’।
অন্যদিকে, “ মেঘের পর মেঘ” উপন্যাস :
রাবেয়া খাতুন রচিত মুক্তিযুদ্ধ ভিত্তিক জনপ্রিয় উপন্যাস “ মেঘের পর মেঘ”। উপন্যাসটি অবলম্বনে, বিখ্যাত চলচ্চিত্র পরিচালক চাষী নজরুল ইসলাম ২০০৪ সালে একই শিরোনামে নির্মাণ করেন চলচ্চিত্র-মেঘের পরে মেঘ।
' যাত্রা' উপন্যাস :
শওকত আলীর রচিত ' যাত্রা' মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস। উপন্যাসটি ১৯৭৬ সালে প্রকাশিত হয়। ১৯৭১ সালের ২৫ মে মার্চের ভয়াল কালরাতে পাকিস্তানি বর্বর হানাদার বাহিনীর পৈশাচিক আক্রমণ থেকে প্রাণরক্ষার জন্য ঢাকাবাসীর অনিশ্চিত গন্তেব্যের দিকে ছুটে চলার কাহিনিই ‘ যাত্রা ’। প্রাত্যহিক দিনপঞ্জি বা ডায়েরির আদলে লেখা ‘ যাত্রা ’ উপন্যাসের কাহিনি, মার্চের শেষ সপ্তাহ থেকে এপ্রিলের প্রথম সপ্তাহ পর্যন্ত সময়কারের ঘটনার শিল্পরূপ।
‘ যাত্রা ’ উপন্যাসটির কেন্দ্রীয় চরিত্র : অধ্যাপক রায়হান।
' যুদ্ধ' উপন্যাস :
' যুদ্ধ' ১৯৭১ সালে সংঘটিত আমাদের মুক্তিযুদ্ধের পটভূমিতে সেলিনা হোসেন রচিত উপন্যাস।
লেখক এ উপন্যাসে যুদ্ধের বিভিন্ন মাত্রা অনুসন্ধানে তীক্ষ্ণ পর্যবেক্ষণ, মনন এবং কল্পনাশক্তির ব্যবহার করছেন। তিনি যুদ্ধের প্রেক্ষাপট নির্মাণ করেছেন ব্যক্তির বেঁচে থাকার সঙ্কট, মূল্যবোধের রূপান্তর, ধর্মীয় বিশ্বাসের অনুষঙ্গে আঘাত, মৃত্যু, স্বজন হারানোর বেদনার ভেতর দিয়ে।
এ উপন্যাসে একটি চরিত্র আছে। যার কোনো নাম নেই। ' লোকটি' অভিধায় যে দেশের সর্বত্র ঘুরে বেড়ায়। অস্ত্রচালনার ট্রেনিং নেয়- যুদ্ধক্ষেত্রে যোদ্ধাদের পাশে পাশে থাকে। গ্রামে, গঞ্জে, শহরে, মানুষের বাড়িতে বাড়িতে ঘুরে বেড়ায়। পুরো উপন্যাস জুড়ে সে একটি প্রতীকী চরিত্র
উৎস : বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্রকণ্ঠর ; কালের কণ্ঠ রিপোর্ট ; ‘ যুদ্ধ ’ উপন্যাস সেলিনা হোসেন।

100) তাত-শব্দের অর্থ কী?

✔ 1) পিতা
2) যন্ত্রবিশেষ
3) তন্তু

Hello BCS

4) গাছবিশেষ

**ব্যাখ্যা :** তাত শব্দের অর্থ হলোঃ পিতা, বাবা। উল্লেখ্য, তাঁত শব্দের অর্থ হলো তন্তু, কাপড় বোনার হস্ত চালিত যন্ত্র।

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS